তারিখ 26 JUL 2016

পৃষ্ঠা ৭ ৩ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# ১৮ বছরেও উচাই বালিকা বিদ্যালয়ের ইংরেজি শিক্ষকের বেতন হয়নি

■ **পাঁচবিবি (জয়পুরহাট) সংবাদদাতা**

বিএনপি নেতার কারণে উপজেলার উচাই বালিকা উচ্চ বিদ্যালয়ের ইংরেজি শিক্ষক দিলদার হোসেন দীর্ঘ ১৮ বছর থেকে এমপিওভুক্ত হতে বঞ্চিত রয়েছেন। বেতন না পাওয়ায় ওই শিক্ষক পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন। জানা যায়,আদিবাসী অধ্যুষিত উপজেলার আটাপুর ইউনিয়নের উচাই এলাকায় ১৯৯৭ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হয়। সে সময় মোঃ দিলদার হোসেনকে সহকারী প্রধান শিক্ষক ও ইংরেজি শিক্ষক হিসাবে নিয়োগ দেয়া হয়। কমিটি ২০০০ সালে বিদ্যালটির মাধ্যমিক স্তর এমপিওভুক্তির সময় আটাপুর ইউপি চেয়ারম্যান ও বিএনপি'র সংস্কারপন্থি নেতা হিসাবে পরিচিত আবু ছালেহ মোঃ সামছুল আরেফিন আবু চৌধুরী, তদানীন্তন ইউএনও আব্দুর রহিম ও পুলিশ কর্মকর্তা আব্দুল জব্বার মোটা অংকের টাকার বিনিময়ে ইংরেজি শিক্ষকের নাম বাদ দিয়ে শ্রেণি শাখা শিক্ষকের নাম অন্তর্ভুক্ত করে পাঠায়। সে সময় জেলা শিক্ষা কর্মকর্তাকে লিখিতভাবে ঘটনাটি জানানো হলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়ার আশ্বাস দিলেও রহস্যজনক কারণে তা করেননি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক নওশাদ আলী মাধ্যমিক স্তরে আরো তিন শিক্ষককে এমপিওভুক্ত না করায় বঞ্চিত ওই শিক্ষকরা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন। এদিকে সরকারি চাকরির বয়স শেষ হয়ে যাওয়া এবং এ বিদ্যালয়ে তাদের চাকরি আদৌ হবে কিনা সেটি এখন অনিশ্চিত হয়ে পড়েছে।